

# খবরঃ

নওগাঁ জেলাতে টার্কি পালন ব্যাপক জনপ্রিয় হয়ে উঠছে ।

সাম্প্রতিক কালে নওগাঁ জেলার বিভিন্ন উপজেলাতে টার্কি পালন বেশ জনপ্রিয় হয়ে উঠছে । এর মধ্যে ৫-৬শ খামারে প্রায় ৫০-৬০ হাজার টার্কি পালিত হচ্ছে । টার্কি পালন জনপ্রিয়তার মূল কারণ এদের রোগবাল্ কম এবং ঘাস লতাপাতা খেয়ে জীবন ধারণ করতে পারে । একটি টার্কি ৬ মাস বয়সে বয়ঃপ্রাপ্ত হয় এবং ওজন ১০-১২ কেজি হয় । এদের মাংস সুস্বাদু ও কোলেস্টেরন মুক্ত । ইতিমধ্যে নওগাঁ জেলাতে ২০-২৫ টি ছোট ছোট হ্যাচারী গড়ে উঠেছে এবং চাহিদা মোতাবেক বাচ্চা উৎপাদন হচ্ছে । এ জেলার অনেক বেকার যুবক টার্কি পালনকে পেশা হিসেবে নিচ্ছে । ক্রমবর্ধমান জনসংখ্যার আমিষের চাহিদাপূরণে গুরুত্বপূর্ণ অবদান রাখবে বলে আশা করা হচ্ছে ।